# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/ ২৩৩২২১০৩১৩৩১/বান্দরবন-০২/ ৯১৬

তারিখ: ২১ আষাঢ় ১৪২৯ / ০৫ জুলাই ২০২২

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বান্দরবন জেলার নাইক্ষ্যাংছড়ি উপজেলাধীন চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসার প্রস্তাবিত ম্যানেজিং কমিটি বেআইনী, জাল জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে অভিভাবক সদস্য জনাব মো: আলী অত্র বোর্ডে একখানা অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগকৃত মাদ্রাসার ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারকে তদন্ত কর্মকর্তা হিসেবে অন্তর্ভূক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পৃষ্ঠা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


05/07/22
(মো: ওমর ফারুক)
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ০২২২৩৩৬৮৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
05/07/22


উপজেলা নির্বাহী অফিসার
নাইক্ষ্যাংছড়ি, বান্দরবন।

নং-বামাশিবো/প্রশা/ ২৩৩২২১০৩১৩৩১/বান্দরবন-০২/৯১৬(১)

তারিখ: ২১ আষাঢ় ১৪২৯ / ০৫ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বান্দরবন;
২. জেলা শিক্ষা অফিসার, বান্দরবন;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাইক্ষ্যাংছড়ি, বান্দরবন;
৪. সুপার/ভারপাপ্ত সুপার, চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, নাইক্ষ্যাংছড়ি, বান্দরবন;
৫. জনাব মোঃ আলী (অভিযোগকারী), চাকঢালা, নাইক্ষ্যাংছড়ি, বান্দরবন;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


05/07/22
(মো: ওমর ফারুক)
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ০২২২৩৩৬৮৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
05/07/22

বরাবর,

রেজিস্ট্রার মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বখশি বাজার, ঢাকা।

**বিষয় ঃ আইন অমান্য করার প্রবণতা রোধকল্পে বে-আইনী ও জাল-জালিয়াতের মাধ্যমে গঠিত কমিটির অনুমোদন স্থগিত করতঃ তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহনের আবেদন।**

**আবেদনকারী এবং মাদাসার নাম ও ঠিকানা ঃ** মোঃ আলী, পিতা- মৃত আবদুর রহমান,অভিভাবক, চাকঢালা মুহিউচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, ডাকঘর-চাকঢালা, উপজেলা-নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।

জনাব,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আইন অনুযায়ী বণিত মাদ্রাসা পরিচালিত হয়। মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন, কমিটি গঠন ও অনুমোদন বিষয়ে সুস্পষ্ট আইন আছে। আইন থাকা সত্ত্বেও আইন অমান্য করার প্রবণাতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বিগত ১৯/০৫/২০২২খ্রি. তারিখে আইন অমান্য করে স্থানীয় কর্তৃপক্ষ অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন ও কমিটি গঠন করায়, নিম্নলিখিত কারনে উক্ত নির্বাচন ও কমিটির অনুমোদন বাতিল করা আবশ্যক ঃ

১। **"একটি বে-আইনী কাজ অনেক বে-আইনী কাজের জন্ম দিয়ে থাকে"** এইভাবে শুরু হয় আইন অমান্য করার প্রবণতা, শুরু হয় মামলা-মোকদ্দমা। আইন অমান্য করার কারনে শিক্ষা বোর্ড ও কমিটির বিরুদ্ধে হাজার হাজার মামলা হচ্ছে। ফলে ক্ষতিগ্রস্থ হয় প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যক্রম।

২। সরকারী বিধি-বিধান ও প্রচলিত আইন অমান্য করার প্রবণতা প্রতিরোধের স্বার্থে মহোদয় কর্তৃক দ্রুত পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।

৩। আইন অমান্য করলে **"কমিটি অনুমোদন কর্তৃপক্ষ"** হিসাবে মাহেদয় কর্তৃক কঠোর পদক্ষেপ গ্রহন করা না হলে দিন দিন আইন অমান্য করার প্রবণতা বৃদ্ধি পাবে। ফলে মাদ্রাসা কর্তৃপক্ষের নিকট আইনের গুরত্ব কমে যাবে, বে-আইনী কার্যক্রম দিন দিন বাড়তে থাকবে এবং প্রতিষ্ঠান মারাত্মক ক্ষতিগ্রস্থ হবে।

৪। সদ্য অনুষ্ঠিত অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনে শিক্ষকদের স্বাক্ষর জাল সহ জাল-জালিয়াতির মাধ্যমে গোপনে তৈরীকৃত ভোটার তালিকা ব্যবহার করা হয়েছে, যা আইনত অবৈধ।

৫। প্রবিধান এর ১৫(২) ধারা অনুযায়ী একজন ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার নিয়োগ করা হয় নাই। ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা থাকা সত্বেও উপজেলা একাডেমিক সুপারভাইজারকে প্রিজাইডিং অফিসার নিয়োগ দেয়া হয়েছে। তিনি ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা নয় বিধায় আইনের দৃষ্টিতে তিনি প্রিজাইডিং অফিসার নন।

৬। যেহেতু ১ম শ্রেণীর কর্মকর্তা নয় বিধায়, আইনের দৃষ্টিতে উপজেলা একাডেমিক সুপারভাইজার প্রিজাইডিং অফিসার নয়, সেহেতু তার তত্বাবধানে অনুষ্ঠিত কমিটির সদ্যস্য নির্বাচন এবং তারঁ সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন অবৈধ ও বাতিলযোগ্য।

অতএব উপরোক্ত কারনে প্রচলিত আইন লঙ্গন করায় ম্যানেজিং কমিটির অনুমোদন স্থগিত করতঃ (যদি কমিটি অনুমোদনের জন্য দাখিল করে থাকেন) তদন্ত পূর্বক আইন অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পক্ষে মহোদয়ের একান্ত মর্জি কামনা করি।

তারিখ ঃ ২২/০৫/২০২২খ্রি.ঃ।

নিবেদক ঃ

মোঃ আলী

(মোঃ আলী)
অভিভাবক
চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা
মোবাইল নং-০১৮১০-৬০৩৬৩৭

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। মহা-পরিচালক, মাদারাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলা ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪২.০৩৭৩.১০১.০৪.০১০.২০২২- ৫৬০

তারিখ- ১১ বৈশাখ ১৪২৯
২৪ এপ্রিল ২০২২

বিষয় : চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদরাসা পরিচালনা কমিটি গঠনের নিমিত্তে প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান।

সূত্র : সুপার(ভারপ্রাপ্ত),চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদরাসার ১৮ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাইক্ষ্যংছড়ি উপজেলাধীন চাকঢালা মহিউচ্ছুন্ন দাখিল মাদরাসা পরিচালনা কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন পরিচালনার জন্য প্রিজাইডিং অফিসার হিসেবে জনাব মে সোহেল মিয়া,উপজেলা একাডেমিক সুপারভাইজার,নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলাকে নিয়োগ করা হলো ।

(সালমা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলা ।
ফোন-০৩৬১-৪১০০১, ফ্যাক্স-০৩৬১-৪১০২৫
E-Mail-unonaikhongchhari@mopa.gov.bd

সুপার(ভারপ্রাপ্ত)
চাকঢালা মহিউচ্ছুন্নাহ দাখিল মাদরাসা
নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলা ।

অনুলিপি :

০১. জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা । - সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ।

০২. জেলা শিক্ষা অফিসার
বান্দরবান পার্বত্য জেলা । - জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ।

০৩. জনাব মোঃ সোহেল মিয়া
উপজেলা একাডেমিক সুপারভাইজার,
নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলা । -জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ।

০৪. অফিস কপি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the People's Republic of Bangladesh

**NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র**



নাম: মোঃ আলী

Name: Md. Ali

পিতা: আব্দুর রহমান

মাতা: ছায়েরা বেগম

Date of Birth: 20 Nov 1986

**ID NO: 03173763372126**